

স্মারক নম্বরঃ ৪৬.০২.০০০০.২০২.৯৯.০০৬.২১-২৬০০

তারিখঃ ০৬-১২-২০২১ খ্রিঃ

প্রতি,

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
অঞ্চল : ----- (সকল)

বিষয় : ১৫% এর অধিক নিম্ন দরের চলমান কাজ বিশেষভাবে তদারকি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি'র আওতায় 'গ্রামীণ সড়ক', 'সেতু' ও 'কালভার্ট' মেরামত ও সংরক্ষণ এর অধীন তার কার্য পরিধির জেলাসমূহে বাস্তবায়নাধীন যে সকল কাজের চুক্তিমূল্য ১৫% এর অধিক নিম্নদর; সে-সকল চুক্তিকৃত কার্যক্রম নিম্নরূপ ভাবে নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।

- ক) চুক্তিকৃত কার্যক্রম সমূহের Date Of Commencement সহ চুক্তিপত্রের অন্যান্য শর্তগুলি যথাযথভাবে ও যথা সময়ে প্রতিপালিত না হলে তাৎক্ষণিকভাবে কার্যাদেশ বাতিলের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং
- খ) যে সকল কার্যক্রম শুরু হয়েছে, সে-সকল কাজ বিশেষভাবে গুরুত্বসহকারে পরিদর্শন করতে হবে যাতে গুণগতমানসহ সময় মতো কাজ বাস্তবায়ন করা যায় এবং চুক্তি ব্যবস্থাপনা ও কাজের গুণগতমান সম্পর্কে প্রতি মাসের ৭ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রতিবেদন প্রদান করতে হবে।


০৬/১২/২০২১
(মোঃ আলি আখতার হোসেন)

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সড়ক ও সেতু রক্ষণাবেক্ষণ)

ফোন -০২-৪৪৮২৬১৫৪

e-mail: ace.maintenance@lged.gov.bd

অনুলিপিঃ

- ১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, বিভাগঃ ----- (সকল)।
- ৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ ----- (সকল)।
- ৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ -----(সকল), জেলাঃ -----(সকল)।